Registered
No. C. 853

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে পৌষ বুধবার ১৩৬৫ ইংরাজী 14th Jan. 1959 { ৩৫শ সংখ্যা
২৪শে পৌষ ১৮৮০ শকাব্দ




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত
জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

**কুমারেশ**

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৯শে পৌষ বুধবার সন ১৩৬৫ সাল।

# ৬৪তম কংগ্রেস অধিবেশন

—০—

ইংরেজাধিকৃত ভারতে ভারতবাসী কর্ত্তৃক প্রতিষ্ঠিত রাজনৈতিক জাতীয় মহাসভার নাম কংগ্রেস। পরাধীন ভারতে শাসক সম্প্রদায়ের শাসন কার্য্যাদির সমালোচনা করা হইত এই মহাসমিতিতে। ১৮৮৫ খৃষ্টাব্দে বোম্বাই শহরে কলিকাতার স্বনামধন্য ব্যারিষ্টার উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় (W. C. Bonerjee) এর সভাপতিত্বে এই মহাসমিতির প্রথম অধিবেশন হয়। এই সমিতি ছিল পরাধীন ভারতের। ১৯৪৭ খৃষ্টাব্দে ভারত স্বাধীন হইয়াছে। শাসনকার্য্য তদবধি ভারতীয় কংগ্রেস দ্বারাই পরিচালিত হইতেছে। শাসন-ভার-প্রাপ্ত কংগ্রেসই একাধারে শাসক এবং কংগ্রেস পরিচালক। বর্ত্তমান কংগ্রেসাধিপতি (যদিও তিনি এই অধিবেশনেই পদত্যাগ করিয়াছেন) শ্রীডেবর সভাপতির আসনে অধিষ্ঠিত হইবার পূর্ব্বে একই ব্যক্তি ছিলেন কংগ্রেস সরকারের ভারতীয় প্রধান মন্ত্রী এবং তিনিই ছিলেন কংগ্রেসের সভাপতি। পণ্ডিত জহরলাল নেহরু ঠিক ষড়্ভুজ মহাপ্রভুর মত রামরূপে ধনু ধরিতেন এবং কৃষ্ণরূপে বাঁশীও বাজাইতেন। একজন ব্যঙ্গ করিয়া পণ্ডিতজীকে ষড়্ভুজ মহাপ্রভু নামকরণ করায় এক ব্যক্তি প্রশ্ন করেন "ভাই তুমি ধনু আর বাঁশী ধারণের চতুর্ভুজের কাজ দেখাইলে, চৈতন্যরূপে ডোরকৌপীন দেখাইলে কই?" তখন সে ব্যক্তি একটু ইতস্ততঃ করিয়া মাথা চুলকাইতে চুলকাইতে বলিল "দেখ্ ভাই, ভারতের উন্নতির জন্য যে সব পঞ্চবার্ষিক পরিকল্পনার ব্যবস্থা করিয়া এর কাছে ধার, ওর কাছে ধার কর্জ্জ করিবার ব্যবস্থা হইয়াছে সুদে আসলে সব দেনা পরিশোধ করিতে এক তো ভারতবাসীগণ কদন্ন আহার, এবং বস্ত্রহীন অবস্থায় দিনপাত করিতেছে, তাহাতে ডোরকৌপীনটাও তাদেরই ধরিয়া ষড়্ভুজ মহাপ্রভুর-মূর্ত্তি পূর্ণ করিতে হইবে।

শ্রী ডেবরের সভাপতিত্ব শেষ হইল, তিনি পদত্যাগ করিলেন। কারণ পণ্ডিত জহরলালজীর বেলায় যে নিয়ম ছিল এখন আর সে মেয়াদ নাই। "যাবচ্চন্দ্র-দিবাকরৌ" এই পদ অধিকার করিয়া থাকা চলিবে না।

পরাধীন ভারতে কংগ্রেসাধিপতির নাম ছিল রাষ্ট্রপতি। এই পদ পাইবার জন্য লোকের কত আগ্রহ! লোকে গান্ধীজীর কাছে এর জন্য কত সুপারিশ করিয়াছে। তিনিও তাঁর পছন্দমত মানুষ ছাড়িতেন। তাঁরই মনোনীত প্রার্থী সীতারামিয়া সুভাষচন্দ্রের নিকট ভোটে পরাজিত হওয়ায় গান্ধীজী অহিংসার অবতার হইয়াও এ পরাজয় সীতারামিয়ার পরাজয় নয়, এ আমার পরাজয় বলিয়া দীর্ঘশ্বাস ফেলিয়াছিলেন। গান্ধীজীর পরাজয় স্বীকার ও গান্ধী ভক্তগণের মনস্তাপ শেষ অবধি সুভাষচন্দ্রকে নেতাজী করিয়া তবে ছাড়িয়াছে।

এ হেন কংগ্রেস সভাপতির পদে এ পর্য্যন্ত অতঃপর কে সভাপতি হইবে তাহা স্থির হইল না। তবে পণ্ডিত জহরলালের কন্যা শ্রীমতী ইন্দিরা গান্ধীর নাম শোনা যাইতেছে। এখনও কে হইবে ঠিক হয় নাই।

---

# কংগ্রেস ও পশ্চিম বাংলা

—০—

নাগপুর অভয়ঙ্কর নগরে পশ্চিম বাংলার প্রাক্তন কংগ্রেস সভাপতি শ্রীঅতুল্য ঘোষ ও সম্পাদক শ্রীবিজয় সিং নাহার ছাড়া অন্য কোন নামজাদা কংগ্রেস সদস্যকে উপস্থিত থাকিতে দেখা যায় নাই। নুন-জহর চুক্তিতে সংবিধান অগ্রাহ্য করিয়া বেরুবাড়ী পরগণা পাকিস্থানকে অর্পণে পশ্চিম বঙ্গ বিধান মণ্ডলীতে এ অর্পণকার্য্য জহরলালের অধিকার নাই বলিয়া একবাক্যে সকল সম্প্রদায়ের সকল সদস্য মত প্রকাশ করিয়া 'প্রাইম' মিনিষ্টারের উপর "ক্রাইম" আরোপ করায় টাটকা টাটকা লজ্জা বোধ করিয়া ওয়ার্কিং কমিটির সদস্য ডাঃ রায়ও অনুপস্থিত। তবে বেরুবাড়ীর সম্বন্ধে শ্রীবিজয় সিং নাহার দৃঢ় কণ্ঠে প্রতিবাদ জ্ঞাপন করেন।

প্রধান মন্ত্রী শ্রীনেহেরু যে পাকিস্তানের উপর খুব উদারভাবাপন্ন তাহা ব্যক্ত করেন মধ্যপ্রদেশের প্রবীণ কংগ্রেস কর্ম্মী, উত্তর প্রদেশের শ্রীআল্‌গুরায় শাস্ত্রী তাহা উল্লেখ করিয়া নেহেরুজী যে নুন পত্নীর এক পাটি চটি জুতা পা হইতে খুলিয়া পড়িলে তাহাও স্বহস্তে তুলিয়া দিতেও অপমান বোধ করেন নাই। প্রকাশ্য সভায় এই কথা নেহাৎ অশোভন বলিয়া মনে হয়।

ভারতের মহাসমিতিতে এবম্বিধ আগে তো হইয়াছে। তার উপর কোন কোন প্রদেশের সদস্য সাজিয়া কত পকেট কাটা কত লোকের কত সদস্যের কত জিনিষ চুরি করিয়াছে। রাজনৈতিক এই মহাসমিতিতে টাকা সংগ্রহ করার উদ্দেশ্যে ফিল্‌ম্ তারকা আমদানী করিয়া লোক আমদানী করায় গোলমাল থামাইতে পুলিশকে লাঠি চালাইয়া লোকজনকে লাঠিপেটা করিতে হইয়াছে।

গান্ধীজী কংগ্রেসের অবসান সময়ে যে হাস্য পরিহাস করিয়া বলিতেন—"আমাদের কিলিপ্‌সের সার্কাস শেষ হইল"। হায়! আজ তিনি ধরাধামে নাই থাকিলে এখন কি বলিতেন তাহা শোনা গেল না। এই ভাবে ভারতের জাতীয় মহাসমিতির অধিবেশন শেষ হইল।

---

# প্রজাতন্ত্র দিবসে শ্রমিকদের সবেতন ছুটি ঘোষণা

আগামী প্রজাতন্ত্র দিবসে পূর্ব্বের ন্যায় এ বৎসরেও সরকারী শিল্প প্রতিষ্ঠানগুলিতে শ্রমিকদের ছুটি দিবার নির্দ্দেশ দেওয়া হইয়াছে এবং সরকার আশা করেন যে অন্যান্য মালিকগণও জাতীয় দিবসে শ্রমিকগণকে সাধারণ ছুটি না দিয়া সবেতন ছুটি দিবেন।

—প্রেঃ ইঃ ব্যুঃ




# জাতীয় সঞ্চয় পক্ষ, ১৯৫৯

১০ই জানুয়ারী থেকে ২৪এ, জানুয়ারী

**আজকের সঞ্চয় কালকের সম্পদ**

**আপনার সঞ্চয় জাতীয় কল্যাণে নিয়োগ করুন**

১। ১২—বছর মেয়াদী ন্যাশনাল প্ল্যান সেভিংস সার্টিফিকেট, সুদ বার্ষিক ৫·৪১% মেয়াদ অন্তে।

২। পোষ্ট অফিস সেভিংস ব্যাঙ্ক ডিপোজিট, সুদ বার্ষিক ২২%।

৩। ১০—বছর মেয়াদী ট্রেজারী সেভিংস ডিপোজিট সার্টিফিকেট, সুদ বার্ষিক ৪%, প্রতি বৎসর দেওয়া হয়।


৪। ১৫—বছর মেয়াদী এন্যুইটি সার্টিফিকেট ২য় পর্যায়, বার্ষিক ৪·২৫% সুদসহ আসল টাকা ১৫ বছরে নিয়মিত ভাবে প্রতি মাসে পরিশোধ করা হয়।

৫। ক্রমবর্দ্ধমান নির্দ্দিষ্ট মেয়াদী পাশ বই পরিকল্পনা—৫ বছর অথবা ১০ বছর মেয়াদী এই পাশ বইতে জমানো ৫৲, ১০৲, ২০৲, ৫০৲, ১০০৲ ও ২০০ টাকার বিভিন্ন হারের মাসিক কিস্তিগুলির উপর মেয়াদ অন্তে মোটা হারে সুদ পাওয়া যায়।

**বিশেষত্ব:**

- আপনি যে সুদ পাবেন তার উপর কোন ভারতীয় আয়কর লাগবে না।
- আপনার এই লগ্নীকৃত সম্পত্তির উপর কোন সম্পদকর লাগবে না।
- সুদ ও মূলধন সম্বন্ধে ভারত সরকার দায়ী থাকবেন। ১ নং, ২ নং এবং ৫ নং দফার ক্ষেত্রে নির্দ্দিষ্ট মেয়াদের পূর্ব্বেও সার্টিফিকেটগুলি ভাঙ্গান যায়।

বিস্তারিত জানতে হলে রিজিওন্যাল ন্যাশানাল সেভিংস অফিসার, হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা-১৩, পোষ্ট অফিসগুলি এবং ষ্টেট্ ব্যাঙ্ক অব্ ইণ্ডিয়ার অফিসগুলিতে খোঁজ করুন।



পশ্চিম বঙ্গ সরকার কর্তৃক প্রচারিত

P-WBG-10

### মুর্শিদাবাদ জেলা কৃষি, শিল্প ও স্বাস্থ্য প্রদর্শনী

বহরমপুর—১৯৫৯

#### শিশু স্বাস্থ্য প্রদর্শনী

২৬শে জানুয়ারী বেলা ২টা হইতে ৫টার মধ্যে প্রদর্শনী ক্ষেত্রে শিশু স্বাস্থ্য প্রদর্শনী অনুষ্ঠিত হইবে। (১) ছয় মাস পর্য্যন্ত (২) ছয় মাসের উর্দ্ধ হইতে এক বৎসর (৩) এক বৎসরের উর্দ্ধ হইতে দুই বৎসর ও (৪) দুই বৎসরের উর্দ্ধ হইতে তিন বৎসর বয়স পর্য্যন্ত চারি পর্য্যায়ের শিশুদের স্বাস্থ্য প্রদর্শনী হইবে এবং বিভিন্ন পুরস্কার বিতরণ করা হইবে। মুখ্য জেলা চিকিৎসাধিকারিকের অফিসে পূর্ব্ব হইতে প্রবেশপত্র গৃহীত হইবে। প্রদর্শনীর দিন পূর্ব্বাহ্নে প্রদর্শনী ক্ষেত্রেও প্রবেশপত্র লওয়া হইবে।

সম্পাদক, জেলা প্রদর্শনী সমিতি।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ৯ই ফেব্রুয়ারী ১৯৫৯*

১৯৫৮ সালের ডিক্রীজারী

১৯২ খাং ডিঃ মনোহর দাস মহান্ত দেং শ্যামাপদ রায় মৃতান্তে ওয়ারীশ অরবিন্দ রায় দিং দাবি ২৩৩ টাকা ৪০ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিয়ারাপুর ২৩২ শতকের কাত ৪৵৬ পাই আঃ ২৫৲ খং ২৭০ ২নং লাট মৌজাদি ঐ ১১৮৯ শতকের কাত ৮।৶২ আঃ ২৫৲ খং ২৭১

১৯৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩২ টাকা ৯১ নঃ পঃ থানা ঐ মৌজে কৃষ্ণসাইল ৮০১ শতকের কাত ১৯৶৫ আঃ ২৫৲ খং ৯৫ ২নং লাট মৌজাদি ঐ ১৯৩ শতকের কাত ১৫৵৩ আঃ ১০৲ খং ৯০

১৭ মনি ডিঃ সুশীলাবালা দাসী দেং নলিনাক্ষ বড়াল দাবি ৬৪০ টাকা ৬ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাসুদেবপুর ৫৬ শতক জমির এক চতুর্থাংশ আঃ ১০০৲ খং ৬৩

৬৫ মনি ডিঃ অসিতবরণী ঘোষ দেং মুন্নু সেখ দাবি ৬৬ টাকা ৮৬ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে কড়াইয়া ১৭ শতক জমির হারাহারি জমা ॥০ আনা আঃ ১৫৲ ২নং লাট মৌজাদি ঐ ৮ শতকের কাত ৶২ আঃ ১০৲

---


## বিজ্ঞাপন-বৈচিত্র্য

### জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বল যায়।

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ।
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎ পণ্ডিত (দা'ঠাকুর)

## মহাসমিতিতে চোরের উৎপাত

অভয়ঙ্কর নগরের কংগ্রেস অধিবেশনে চোর-জুয়াচোর-পকেটমারদের বেশ দু পয়সা আয় হইয়াছে। অবশ্য তাহার ধাক্কা সামলাইতে হইয়াছে কংগ্রেসীদের। ইহাদের মধ্যে কয়েকজন এ-আই-সি-সি সদস্য ও এম-পিও আছেন। কংগ্রেস পরিষদ দলের সচিব ডাঃ রামসুভগ সিংয়ের একটি ফাইল তাহার ক্যাম্প হইতে বেপাত্তা হইয়াছে। ফাইলে বহু মূল্যবান কাগজপত্র ছিল। পকেটমারের ফলে পাঞ্জাবের জনৈক এম-পি সর্বস্বান্ত হইয়াছেন। বিহারের এক প্রাক্তন এম-পির হাজার দেড়েক টাকা মূল্যের জিনিষপত্র চুরি হইয়াছে। আসামের জনৈক এ-আই-সি-সি হারাইয়াছেন ছয়শত টাকা। প্রকাশ্য দিবালোকে বিহারের মন্ত্রী শ্রীবিনোদানন্দ ঝার প্রায় একশত টাকা পকেটমার হইয়াছে। প্রকাশ বহু পকেটমার কংগ্রেস কর্মীদের 'পাশ' যোগাড় করিয়া সকল ক্যাম্পে অবাধ গতিবিধির সুযোগ নেয়। এ পর্য্যন্ত প্রায় ২৫জন পকেটমার ধরা পড়িয়াছে। —আনন্দবাজার পত্রিকা

---

## ময়ূরাক্ষী অঞ্চলে রবিশস্য চাষের জন্য জলকর প্রতি একরে ৭ টাঃ ৫০ নঃ পঃ হ্রাস

ময়ূরাক্ষীর সেচ অঞ্চলে রবিশস্যের চাষে উৎসাহ প্রদানের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ সরকার সিদ্ধান্ত করিয়াছেন যে, চলতি রবি ঋতুতে রবিশস্যের ক্ষেতে জলসেচের জন্য দেয় করের হার একর প্রতি ১৫ টাকা হইতে হ্রাস করিয়া একর প্রতি ৭ টাকা ৫০ নয়া পয়সা হইবে। আরও সিদ্ধান্ত করা হইয়াছে যে, কৃষকগণ কর্ত্তৃক খাল হইতে জল উত্তোলনের মাধ্যমে রবিশস্যের ক্ষেতে জলসেচের জন্য দেয় করের হার একর প্রতি ৭ টাকা ৫০ নয়া পয়সা হারের অর্দ্ধেক হইবে এবং রবিশস্যের ক্ষেতে জলসেচের জন্য প্রয়োজনীয় পুষ্করিণীসমূহ পূর্ণ করার জন্য করের হার হইবে ১০,০০০ ঘনফুট জল বা তাহার অংশ প্রতি ১ টাকা। এই সকল সুবিধালাভেচ্ছু কৃষকদের মুচলেকায় আবদ্ধ হইতে হইবে। —প্রেসনোট

---

## মুর্শিদাবাদ জেলাবাসীদের প্রতি আবেদন

জনসাধারণের সঞ্চয়ের সুবিধার জন্য এবং সঞ্চিত অর্থ দেশের উন্নয়নমূলক কাজে লাগাইবার জন্য সরকার নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। (১) **পোষ্টাল সেভিংস ব্যাঙ্ক**ঃ—মাত্র ২৲ টাকা জমা দিয়া একটি পাশবই খুলিতে পারেন। জমার উপর বার্ষিক ২৷৷০ টাকা হিসাবে সুদ পাওয়া যায়। এই সুদ সম্পূর্ণ আয়কর মুক্ত। (২) **১২-বৎসর মেয়াদী ন্যাশনাল প্ল্যান সেভিংস সার্টিফিকেট**ঃ—সেভিংস ব্যাঙ্কের কাজ হয় এমন যে কোন পোষ্ট অফিসে ৫৲ টাকা হইতে ৫০০০৲ টাকা পর্য্যন্ত বিভিন্ন মূল্যের সার্টিফিকেট পাওয়া যায়। মেয়াদ অন্তে এই সার্টিফিকেটগুলির উপর শতকরা বার্ষিক ৫·৪১ টাকা হারে আয়কর মুক্ত সুদ দেওয়া হয় অর্থাৎ প্রতি ১০০৲ টাকায় ১২ বছর বাদে ১৬৫৲ টাকা পাওয়া যায়। মনে রাখিবেন এই পরিকল্পনায় আপনি যে অর্থ সঞ্চয় করিবেন তাহা দেশের উন্নয়নমূলক কাজে লাগিবে এবং গচ্ছিত অর্থও নিরাপদে থাকিবে। দেশের উন্নয়ন পরিকল্পনা সফল করিবার জন্য আশা করি আপনার সঞ্চিত অর্থ উপরোক্ত যে কোন আমানতে নিয়োগ করিবেন। (৩) জনসাধারণের সুবিধার জন্য শতকরা ১৷০ হার কমিশনে ন্যাশনাল প্ল্যান সেভিংস সার্টিফিকেট বিক্রয়ের জন্য উপযুক্ত এজেণ্টও নিযুক্ত করা হইয়াছে। সঞ্চয়ের ও এজেন্সির ব্যাপারে বিস্তারিত জানিতে হইলে ডিষ্ট্রীক্ট সেভিংস অর্গ্যানাইজর, মুর্শিদাবাদ, আপনার এলাকার সার্কেল অফিসার অথবা ব্লক-ডেভেলপমেণ্ট অফিসারের নিকট অনুসন্ধান করুন।

স্বাঃ—জে, কে, রায়
জিলা-শাসক, মুর্শিদাবাদ।

---

## চুরি

রঘুনাথগঞ্জে মিউনিসিপ্যাল অফিসের সন্নিকটে সদর রাস্তার উপরে শ্রীহরিপদ সরকার মহাশয়ের নটকোনার দোকানে চুরি হইয়াছে। চোরে সরিষার তৈল, দেশালাই ইত্যাদি ও নগদ ৪০৲ টাকা লইয়া গিয়াছে এবং রাস্তার বৈদ্যুতিক আলোর বাল্বও ভাঙ্গিয়া দিয়াছে বলিয়া প্রকাশ।

## টেণ্ডার নোটীশ

পশ্চিমবঙ্গ সরকারের মহামান্য রাজ্যপালের পক্ষ হইতে মুর্শিদাবাদ জিলার অন্তর্গত বহরমপুর সদর মহকুমার খাদ্য ও সরবরাহ বিভাগের মহকুমা নিয়ামক কর্ত্তৃক ১৯৫৯--৬০ সালের জন্য ২২টি রুটে হ্যাণ্ডলিং ও ট্রান্সপোর্ট এজেণ্ট নিয়োগের জন্য টেণ্ডার আহ্বান করা যাইতেছে। সৎ, বিশ্বাসী ও আর্থিক সঙ্গতিসম্পন্ন প্রকৃত ব্যবসায়ীগণ এই টেণ্ডার দাখিল করিতে পারেন। প্রতি টেণ্ডারের জন্য ট্রান্সপোর্ট ও হ্যাণ্ডলিং এজেণ্ট নিয়োগের বায়নার টাকা (Earnest money) বাবদ ২০০৲ টাকা আর. ডি. ফরম্ মারফত বহরমপুর সদর খাজাঞ্চি-খানায় রেভিনিও ডিপোজিটে জমা দিয়া তাহার চালান প্রত্যেক টেণ্ডারের সহিত দাখিল করিতে হইবে। টেণ্ডার শীলকরা খামে দিতে হইবে। শীলকরা খামের উপর এইরূপ শিরোনামা লিখিয়া দিতে হইবে, "Tenders for Handling & Transport Agents." টেণ্ডার আগামী ২৩৷২৷৫৯ ইং তারিখে বেলা ১২ ঘটিকার মধ্যে বহরমপুর সদর মহকুমা নিয়ামকের নিকট অবশ্যই পৌছান চাই। টেণ্ডারসমূহ ২৪৷২৷৫৯ তারিখে বেলা ৩ ঘটিকার সময় মুর্শিদাবাদ জিলা শাসকের অথবা তাঁহার নিযুক্ত ভারপ্রাপ্ত কর্ম্মচারীর সম্মুখে খোলা হইবে। টেণ্ডার দাখিল করা সম্বন্ধে যাবতীয় তথ্যাদি বহরমপুর সদর মহকুমা নিয়ামকের অফিস হইতে জানিতে পারা যাইবে ও টেণ্ডার নোটীশ যাহা মহকুমা নিয়ামকের Memo. No. 8628 (38) তাং ১৯৷১২৷৫৮ মেমোতে বিজ্ঞাপিত হইয়াছে—তাহা দেখিতে পারিবেন ও তাহার নকল সংগ্রহ করিতে পারিবেন।

---

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



KA-10

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত